

# পূর্ব বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কমপাউন্ড, বর্ধমান  
জেলা-পূর্ব বর্ধমান-৭১৩১০১

## পুকুর ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে)

স্মারক সংখ্যা:- ডি.ই/পদ্ম পুকুর/ ৬৩৭

তারিখ:- ২৮/০২/২০২০

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে বর্ধমান জিলা পরিষদের অধীন কালনা মহকুমা এলাকায় পূর্বস্থলী-১ পঞ্চায়েত সমিতির অন্তর্গত দীর্ঘপাড়া গ্রামের বর্ধমান জিলা পরিষদের পদ্ম পুকুরটি যার দাগ নং-১৩৭৫, জে.এল. নং-১৫৬, মৌজা-দীর্ঘপাড়া এক বছরের জন্য সিল মোহর করা খামে দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জিলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট বাঞ্চে জমা দিতে হইবে। দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালিন যে কোন দিনই জমা দেওয়া যেতে পারে।

ইচ্ছুক ব্যক্তিগণকে দরপত্র জমা দিবার পূর্বে পুকুরের অবস্থান, প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। পুকুরের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১। ভোট দেওয়ার পরিচয় পত্রের নকল।

২। নির্দিষ্ট জামিন জমার অর্থ, ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে জিলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিডিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইতে হইবে। (Earnest Money through Bank Draft/Pay Order will be in favour of District Engineer, Purba Bardhaman Zilla Parishad, payable at Bardhaman).

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার পরের দিন ব্যাঙ্ক ড্রাফট-এর মাধ্যমে পূর্ব বর্ধমান জিলা পরিষদের নামে জমা দিতে হইবে।

কার্যাদেশ প্রেরনের তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে কবুলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশ মত দুইজন বিশিষ্ট জামিন দাতার নাম, ঠিকানা ও সহি সহ সম্প্রদান করতে হবে। নতুবা তাহার কার্যাদেশ বিনা নোটিশে নাকচ হয়ে যাবে, তৎসহ তাহার দেয় টাকাও বাজেয়াপ্ত হবে।

অসফলকারী ডাকদাতাগণের জামিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি/সংস্থা পূর্বে জিলা পরিষদের দেওয়া টাকা পরিষোধ করেন নাই তাহাদের দরপত্র গ্রহন হইবে না। চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহন করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহন করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য কারণে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া প্রকাশিত পুকুরের দরপত্র বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার ও সংরক্ষিত রাখিতেছেন।

ক্রমিক সংখ্যা	পুকুরের নাম	মহকুমার নাম	দরপত্র জমা দিবার স্থান	সিল মোহর করা খামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	জামিন জমার পরিমাণ (টাকা)	ডাকের সর্বনিম্ন পরিমাণ (টাকা)	দরপত্র খোলার তারিখ ও সময়
১	পদ্ম পুকুর	কালনা	জেলা বাস্তুকার পূর্ব বর্ধমান জিলা পরিষদ অফিস	১২/১০/২০২০ (সোমবার), বৈকাল ১:০০ ঘটিকা	৫,০০০/-	২৫,৫০০/-	১২/১০/২০২০ (সোমবার), বৈকাল ১:৩০ ঘটিকা

জেলা বাস্তুকার  
২৬/১০/২০২০  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা:- ডি.ই./পদ্ম পুকুর/ ১২৭/২

তারিখ:- ২৬/১০/২০২০

উপ সচিব/ডি.আই.এ., পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট

<http://www.burdwanzp.org> -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

জেলা বাস্তুকার  
২৬/১০/২০২০  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা:- ডি.ই./পদ্ম পুকুর/ ১২৭/২/১৫

তারিখ:- ২৬/১০/২০২০

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-

জেলা সমাহর্তা, পূর্ব বর্ধমান ও নির্বাহী আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/আর্থিক নিয়ামক ও মূখ্য হিসাব আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/পৌরপতি, কালনা পৌরসভা/মহকুমা শাসক, কালনা/সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)/নির্বাহী আধিকারীক, পঞ্চায়েত সমিতি (সকল)/সহকারী বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/ অবর-সহকারী বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)।

জেলা বাস্তুকার  
২৬/১০/২০২০  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা:- ডি.ই./পদ্ম/ ১২৭/২/১৫/১২

তারিখ:- ২৬/১০/২০২০

প্রতিলিপি:- সভাপতি/সহকারী সভাপতি/অধ্যক্ষ/কর্মাধ্যক্ষ, জিলা পরিষদ (সকল) বর্ধমান জিলা পরিষদ-এর অবগতির জন্য পাঠানো হল।

জেলা বাস্তুকার  
২৬/১০/২০২০  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ